**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৪৫৩

তারিখ: ১৪ পৌষ ১৪৩২
২৯ ডিসেম্বর ২০২৫

# পরিপত্র-৯

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচন পরিচালনা বিধিমালার বিধানাবলী অনুসরণ, ভিজিল্যান্স ও অবজারভেশন টিম, নির্বাচন মনিটরিং টিম ও আইনশৃঙ্খলা রক্ষাকারী সেল গঠন এবং নির্বাচনে নিরপেক্ষতা বজায় রাখা।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন পূর্ব অনিয়ম রোধকল্পে বিভিন্ন কমিটি গঠন ও তাদের কার্যপরিধি বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশনা রয়েছে। জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্যভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আইন-বিধিমালা ও প্রচলিত পদ্ধতি অনুযায়ী উক্ত নির্দেশনার আলোকে গঠিত কমিটিসমূহ দায়িত্ব পালন করবে।

**২। নিরপেক্ষতা অক্ষুন্ন রাখা:** নির্বাচন কমিশনের নিরপেক্ষতা ও গ্রহণযোগ্যতা সকলের নিকট সমুজ্জ্বল ও সমুন্নত রাখার লক্ষ্যে রিটার্নিং অফিসার হিসেবে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

(ক) বিশেষ কোন মহলের কোন প্রকার প্রভাব বা হস্তক্ষেপে নির্বাচনের নিরপেক্ষতা যাতে ক্ষুণ্ণ না হয় তা আইন, বিধিমালা ও আচরণ বিধিমালার আলোকে নিশ্চিত করতে হবে;

(খ) নির্বাচনের ন্যায় একটি সংবেদনশীল, স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এমন কোন কাজ করবেন না, যার দ্বারা তাদেরকে উপযুক্ত কর্তৃপক্ষ বা স্থানীয় জনগণের নিকট হেয় প্রতিপন্ন হতে হয়। সুষ্ঠু নির্বাচনের নিশ্চয়তা বিধানকল্পে প্রতিটি কাজে আইন ও বিধির যথার্থ প্রয়োগ ও অনুসরণ করতে হবে;

(গ) জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সাথে এলাকার জনগণের যৌথসভা অনুষ্ঠানের মাধ্যমে সকলকে ভোটদানে উদ্বুদ্ধ করতে হবে। এ বিষয়ে স্থানীয় রাজনৈতিক দলের নেতৃবৃন্দের সংগে যোগাযোগ রাখার ব্যবস্থা করতে হবে;

(ঘ) ভোটদানের জন্য ভোটারগণ যাতে নির্বিঘ্নে ও স্বাচ্ছন্দে ভোটকেন্দ্রে আসতে পারেন এবং নিরাপদে বাড়ি ফিরতে পারেন সেই উদ্দেশ্যে নিশ্চয়তামূলক পরিবেশ সৃষ্টির জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী ভ্রাম্যমাণ ইউনিটসমূহ কর্তৃক নিবিড় টহলদানের ব্যবস্থা করতে হবে;

(ঙ) ঝুঁকিপূর্ণ এলাকা এবং গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্রগুলোতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে এবং যে কোন প্রকার অশুভ কার্যকলাপ প্রতিরোধের উদ্দেশ্যে সদা সতর্ক থাকবার জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর নির্দেশ প্রদান করতে হবে; এবং

(চ) ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত হওয়ার পর ভোটকেন্দ্রের অবস্থান সম্পর্কে নির্বাচনের পূর্বে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।

**৩। ভিজিল্যান্স ও অবজারভেশন টিম গঠন:** জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্যভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এবং উক্ত নিরপেক্ষতা যাতে জনগণের নিকট দৃশ্যমান হয় তা নিশ্চিত করার জন্য নিম্নোক্ত ছকে জেলা পর্যায়ে ও মেট্রোপলিটন এলাকায় রিটার্নিং অফিসারের নেতৃত্বে বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও বেসরকারি পর্যায়ে দল নিরপেক্ষ বিশিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে ভিজিল্যান্স ও অবজারভেশন টিম গঠন করতে হবে এবং অনুরূপভাবে উপজেলা পর্যায়ে ও মেট্রোপলিটন এলাকায় সহকারী রিটার্নিং অফিসারের নেতৃত্বে নিম্নোক্তভাবে কমিটি গঠন করতে হবে।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

**জেলা পর্যায়ে ও মেট্রোপলিটন এলাকায় ভিজিল্যান্স ও অবজারভেশন টিম:**

| ক্রমিক | কর্মকর্তা | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | রিটার্নিং অফিসার | সভাপতি | |
| ২ | অন্যান্য বিভাগের প্রতিনিধি (প্রয়োজন মোতাবেক) | সদস্য | |
| ৩ | বেসরকারি পর্যায়ের দল নিরপেক্ষ বিশিষ্ট ব্যক্তিবর্গ | সদস্য | |
| ৪ | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনীত কর্মকর্তা | সদস্য সচিব | |

কমিটি গঠনের পর জরুরি ভিত্তিতে কমিটির সদস্যদের (মোবাইল নম্বরসহ) তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**উপজেলা পর্যায়ে ও মেট্রোপলিটন (থানা) এলাকায় ভিজিল্যান্স ও অবজারভেশন টিম:**

| ক্রমিক | কর্মকর্তা | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সহকারী রিটার্নিং অফিসার | সভাপতি | |
| ২ | অন্যান্য বিভাগের প্রতিনিধি (প্রয়োজন মোতাবেক) | সদস্য | |
| ৩ | বেসরকারি পর্যায়ের দল নিরপেক্ষ বিশিষ্ট ব্যক্তিবর্গ | সদস্য | |
| ৪ | সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক মনোনীত কর্মকর্তা | সদস্য সচিব | |

কমিটি গঠনের পর জরুরি ভিত্তিতে কমিটির সদস্যদের (মোবাইল নম্বরসহ) তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**০৪। ভিজিল্যান্স ও অবজারভেশন টিমের কার্যপরিধি ও প্রতিবেদন দাখিল:**

**ভিজিল্যান্স ও অবজারভেশন টিমের কার্যপরিধিঃ**

(ক) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ ও সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ যথাযথভাবে প্রতিপালন হচ্ছে কিনা বা ভঙ্গ হচ্ছে কিনা বা ভঙ্গ হওয়ার আশংকা রয়েছে কিনা তা সরেজমিনে পরিদর্শন;
(খ) নির্বাচনি প্রচারণা ও নির্বাচনি ব্যয় বাবদ নির্ধারিত সীমার অতিরিক্ত ব্যয় করেছে কিনা অথবা অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করছে কিনা তা সরেজমিনে পরিদর্শন;
(গ) আচরণ বিধিমালা ভঙ্গের কোন বিষয় নজরে আসা মাত্রই বিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ অথবা নির্বাচনি তদন্ত কমিটি (ইলেক্ট্রোরাল ইনকোয়ারি কমিটি/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)-কে জানানো;
(ঘ) নির্বাচনি বিধি-নিষেধ ভঙ্গের ক্ষেত্রে মামলা দায়ের ব্যবস্থা গ্রহণ এবং উপযুক্ত ক্ষেত্রে ফৌজদারি আদালতেও অভিযোগ (Complaint) দায়ের করা। প্রয়োজনীয় ক্ষেত্রে উদ্ভূত সমস্যাবলী তাৎক্ষণিকভাবে নিরসনের পরামর্শ প্রদান;
(ঙ) প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট বা তাঁদের পক্ষে অন্য কেউ আচরণ বিধিমালার কোন বিধি ভঙ্গ করলে বা ভঙ্গ করার চেষ্টা করলে বা বিধিমালার কোন বিধি বিশেষ করে নির্বাচনি ব্যয় সংক্রান্ত বিধি-বিধান (গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪ক) যথাযথভাবে প্রতিপালন না করলে তাৎক্ষণিকভাবে প্রার্থী বা তাঁর প্রতিনিধি বা সংশ্লিষ্ট কমিটি বা দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট বা প্রযোজ্য ক্ষেত্রে নির্বাচন কমিশনকে লিখিতভাবে অবহিত করা;
(চ) কমিটির সদস্য কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন একীভুত করে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সার্বিক পরিস্থিতির উপর প্রতিদিন পূর্ণাঙ্গ প্রতিবেদন রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচন কমিশনে প্রেরণ;
(ছ) রিটার্নিং অফিসার কর্তৃক তাৎক্ষণিকভাবে বিধিমতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা বা টিম কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করে ব্যবস্থা নেয়া।

**"প্রতিবেদন দাখিলের নমুনা ছক"**

নির্বাচনি এলাকার নম্বর ও নামঃ......................   প্রতিবেদন প্রেরণের তারিখ ও সময়: ......................

| ক্রমিক | সরেজমিনে আচরণবিধি প্রতিপালনের বিষয়ে নির্বাচনি এলাকা পরিদর্শনের তারিখ ও সময় | যে সকল এলাকা পরিদর্শন করা হয়েছে তার বিবরণ | নির্বাচনি আচরণ বিধি/অন্যান্য আইন ও বিধি বিধান ভঙ্গ হয়েছে কিনা তার বিবরণ | নির্বাচনি আচরণ বিধি ভঙ্গ বা অন্যান্য বিধি বিধান ভঙ্গের আশঙ্কা রয়েছে কিনা? তার বিবরণ | গৃহীত ব্যবস্থা (কমিশন, ইলেক্ট্রোরাল ইনকোয়ারি কমিটি, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অবহিতকরণ ও প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের সংক্রান্ত বিবরণ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

...................................................
রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার

সিনিয়র সচিব
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
দঃ আঃ ..............................।

**৫। আচরণ বিধিমালা অবহিতকরণ:** ভিজিল্যান্স ও অবজারভেশন টিমের সদস্যসহ সকল প্রার্থী ও রাজনৈতিক দলকে এবং তাদের নির্বাচনি এজেন্টকে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিধান এবং উক্ত বিধান ভঙ্গের দায়ে প্রদেয় শাস্তি বিশেষ করে আচরণ বিধি ভঙ্গের দায়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রার্থীর প্রার্থিতা বাতিলকরণের বিষয় অবগত করানো নিশ্চিত করতে হবে।

**৬। নির্বাচন মনিটরিং টিম গঠন**: তফসিল ঘোষণার পর রিটার্নিং অফিসারের নেতৃত্বে সহকারী রিটার্নিং অফিসার ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নোক্ত ছকে নির্বাচন মনিটরিং টিম গঠন করতে হবে।

**নির্বাচন মনিটরিং টিমের গঠনঃ**

| ক্রমিক | কর্মকর্তা | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | রিটার্নিং অফিসার | সভাপতি | |
| ২ | সহকারী রিটার্নিং অফিসার | সদস্য | |
| ৩ | প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতিনিধি (প্রত্যেক প্রার্থীর ০১ জন করে) | সদস্য | |
| ৪ | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনীত কর্মকর্তা | সদস্য সচিব | |

কমিটি গঠনের পর জরুরি ভিত্তিতে কমিটির সদস্যদের (মোবাইল নম্বরসহ) তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**নির্বাচন মনিটরিং টিমের কার্যপরিধিঃ**

(ক) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২, সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ সহ নির্বাচনের সার্বিক বিষয়াদি যথাযথ ও সঠিকভাবে পালন হচ্ছে কিনা তা তদারকী করা;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত আইন, বিধি, নির্বাচনি আচরণ বিধি এবং নির্বাচনের সার্বিক বিষয়াদি প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(গ) প্রতি ০৩ (তিন) দিন পর পর উল্লিখিত বিষয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচন কমিশনে প্রেরণ করা, জরুরী প্রয়োজনে তাৎক্ষণিক প্রতিবেদন প্রেরণ করা।

**"প্রতিবেদন দাখিলের নমুনা ছক"**

নির্বাচনি এলাকার নম্বর ও নামঃ...................... প্রতিবেদন প্রেরণের তারিখ ও সময়: ......................

| ক্রমিক | সরেজমিনে আচরণবিধি প্রতিপালনের বিষয়ে নির্বাচনি এলাকা পরিদর্শনের তারিখ ও সময় | যে সকল এলাকা পরিদর্শন করা হয়েছে তার বিবরণ | নির্বাচন সংক্রান্ত আইন, বিধি ও প্রার্থীর আচরণ বিধি ভঙ্গ হয়ে থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ | গৃহীত ব্যবস্থা (বিধি বিধান ভঙ্গ হয়ে থাকলে সে বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

সিনিয়র সচিব
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
দৃঃ আঃ ..............................।

.....................................................
রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার

**৭। আইনশৃঙ্খলা রক্ষাকারী সেল গঠনঃ** জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিতকরণে আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহের কর্মকান্ডের সমন্বয় সাধন ও সুসংহতকরণের লক্ষ্যে রিটার্নিং অফিসারের নেতৃত্বে নিম্নোক্ত ছক অনুসারে আইনশৃঙ্খলা রক্ষাকারী সেল গঠন করতে হবে:

**আইনশৃঙ্খলা রক্ষাকারী সেল:**

| ক্রমিক | কর্মকর্তা | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | রিটার্নিং অফিসার | সভাপতি | |
| ২ | বিভাগীয় পর্যায়ে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/জেলা পর্যায়ে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার | সদস্য | |
| ৩ | পুলিশ সুপার বা মেট্রোপলিটন পুলিশ কমিশনারের একজন প্রতিনিধি | সদস্য | |
| ৪ | বেসামরিক প্রশাসনকে সহায়তায় নিয়োজিত সশস্ত্র বাহিনী তথা সেনা, নৌ ও বিমান বাহিনীর (প্রযোজ্যতা অনুযায়ী) সদস্য | সদস্য | |
| ৫ | সহযোগী অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক মনোনীত কর্মকর্তাবৃন্দ | সদস্য | |
| ৬ | সহকারী রিটার্নিং অফিসার | সদস্য সচিব | |

কমিটি গঠনের পর জরুরি ভিত্তিতে কমিটির সদস্যদের (মোবাইল নম্বরসহ) তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**আইনশৃঙ্খলা রক্ষাকারী সেলের কার্যপরিধিঃ**

(ক) নির্বাচনি এলাকায় আইনশৃঙ্খলা রক্ষাকল্পে সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(খ) আইন শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি সম্পর্কে গৃহীত ব্যবস্থাদি নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করবে।

**"প্রতিবেদন দাখিলের নমুনা ছক"**

নির্বাচনি এলাকার নম্বর ও নামঃ......................

প্রতিবেদন প্রেরণের তারিখ ও সময়: ......................

| ক্রমিক | সরেজমিনে নির্বাচনি এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি পরিদর্শনের তারিখ ও সময় | যে সকল এলাকা পরিদর্শন করা হয়েছে তার নাম | নির্বাচনি এলাকায় আইন শৃঙ্খলা ভঙ্গ হয়ে থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ | গৃহীত ব্যবস্থা (নির্বাচনি এলাকায় আইন শৃঙ্খলা ভঙ্গ হয়ে থাকলে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

সিনিয়র সচিব
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ ............................।

......................................................
রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার

**৮। অন্যান্য ব্যবস্থা গ্রহণ:** সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উল্লিখিত ব্যবস্থা ছাড়াও নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

(১) সকল শ্রেণীর ভোটার যাতে তাদের ভোটাধিকার অবাধ ও নির্ভয়ে প্রয়োগ করতে পারেন তার নিশ্চয়তা বিধানের লক্ষ্যে স্থানীয় রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও স্থানীয় আস্থাভাজন কর্মীদের সাথে সত্বর একটি এবং প্রয়োজনবোধে একাধিক বৈঠক অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। আলাপ আলোচনার মাধ্যমে আইন ও বিধিগত দিক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করতে হবে। কারও কোন অভিযোগ থাকলে তা অবিলম্বে তদন্তপূর্বক প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(২) নির্বাচনি এলাকার সকল স্তরের ভোটারদের এবং বিশেষ করে মহিলা ভোটারদের নির্ভয়ে ও নির্বিঘ্নে ভোটদানের জন্য উদ্বুদ্ধ করতে হবে। এ উদ্দেশ্যে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করণের লক্ষ্যে গৃহীত কার্যকলাপ সম্পর্কে যেন সকল শ্রেণির ভোটার পূর্ব থেকে নিশ্চিত হতে পারেন তা উপযুক্ত প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;

(৩) ভোটকেন্দ্র এবং ভোটকক্ষের বাহিরে গুরুত্বপূর্ণ এলাকায় নিরাপত্তামূলক ব্যবস্থাসহ সকল বেআইনী অস্ত্র উদ্ধার পরিচালনা জোরদার করতে হবে। চিহ্নিত সন্ত্রাসীদের তালিকা প্রণয়নপূর্বক চাঁদাবাজ, মাস্তান ও চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতারের ব্যবস্থা করতে হবে;

(৪) পর্যাপ্ত সংখ্যায় আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের ভোটকেন্দ্রে মোতায়েনসহ চিহ্নিত গোলযোগপূর্ণ ভোটকেন্দ্রসমূহে বেশী সংখ্যায় আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েনের ব্যবস্থা করতে হবে;

(৫) অংশগ্রহণকারী রাজনৈতিক দল, প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁদের সমর্থকগণ যাতে নির্বাচনি আচরণ বিধিমালা মেনে চলেন এবং কোন তিক্ত, উস্কানিমূলক ও ধর্মানুভূতিতে আঘাত করে এমন কার্যকলাপ বা বক্তব্য প্রদান হতে বিরত থাকেন কিংবা অর্থ, পেশীশক্তি অথবা স্থানীয় ক্ষমতা দ্বারা কেউ নির্বাচনকে প্রভাবিত না করতে পারেন এবং পারস্পরিক সৌহার্দ্য ও সুসম্পর্ক বজায় রাখা হয় তার নিশ্চয়তা বিধানের জন্য সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করতে হবে এবং প্রয়োজনবোধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৯। কর্মপরিকল্পনা প্রণয়ন:** জাতীয় সংসদ নির্বাচনের সামগ্রিক কার্যক্রম শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষাকল্পে জেলায় পুলিশ সুপার/মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন পুলিশ কমিশনারের সাথে আলোচনাক্রমে বিস্তারিত কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতে হবে। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রয়োজনীয় সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের ভোটকেন্দ্র এবং ভোটকেন্দ্রের বাইরে নির্বাচনি এলাকার গুরুত্বপূর্ণ স্থানে ভ্রাম্যমাণ দল মোতায়েন করে নির্ভয়ে ও নির্বিঘ্নে ভোটদানের নিশ্চয়তা বিধান করতে হবে। উক্ত কর্মপরিকল্পনা নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করতে হবে।

২৯.১২.২৫

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৪৫৩

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ / ২৯ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ...........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ...........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ...................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,.......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)।

২৭/১২/২০২৫
(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com